

(প্রেস বিজ্ঞপ্তি)

১৮ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

চসিক বিভাগীয় ও শাখা প্রধানদের সাথে মতবিনিময় সভায় ভারপ্রাপ্ত মেয়র
কর পুনঃমূল্যায়ন সহনীয় পর্যায়ে নির্ধারণ করে
নগরবাসির আস্থা অর্জন করতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আফরোজা কালাম বলেন, কর্মকর্তা কর্মচারীদের আন্তরিকতা, সততা ও দায়বদ্ধতার উপর নাগরিক সেবার সফলতা নির্ভর করে। সচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে সকলকে নিজ নিজ দায়িত্ব পালনের আহ্বান জানান। আজ সোমবার দুপুরে টাইগারপাসস্থ নগর ভবনের সম্মেলন কক্ষে বিভাগীয় ও শাখা প্রধানদের সাথে এক মতবিনিময় সভায় সভাপতির বক্তব্যে তিনি একথা বলেন।

চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সঞ্চালনায় এতে বক্তব্য রাখেন-কাউন্সিলর গোলাম মো. জোবায়ের, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মো. রেজাউল করিম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, আইন কর্মকর্তা মো. জসিম উদ্দিন, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, রাজস্ব কর্মকর্তা শামসুল তাবরিজ, শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, অতিঃ প্রধান প্রকৌশলী কামরুল ইসলাম, ভারপ্রাপ্ত প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. মো. নাছিম ভূঁইয়া, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মনিরুল হুদা, আবু ছালেহ, আকবর আলী, বুলন কান্তি দাশ, অতিঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মো. হুমায়ুন কবির চৌধুরী, উপ সচিব আশেক রসুল চৌধুরী টিপু ও শাখা প্রধানগণ।

ভারপ্রাপ্ত মেয়র সনাতন সম্প্রদায়ের শারদীয় দুর্গোৎসবকে সামনে রেখে সিটি কর্পোরেশনের প্রস্তুতি গ্রহণ, শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোগত সমস্যার সমাধান, ডেঙ্গু ও চিকনগুনিয়া প্রতিরোধে সচেনতা মূলক প্রচারণা জোরদার করা সহ এডিস মশার উৎপত্তি স্থল চিহ্নিত করে তা দ্রুত ধ্বংসের ব্যবস্থা নেওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। তিনি আরো বলেন, নগরীর খানা-খন্দক যুক্ত রাস্তাঘাট প্যাঁচওয়ার্কের মাধ্যমে সংস্কার ও ২০১৭ সালের কর পুনঃমূল্যায়ন সহনীয় পর্যায়ে নির্ধারণ করে নগরবাসির আস্থা অর্জন করতে হবে। ভারপ্রাপ্ত মেয়র চসিকের সকল বিভাগের কাজের সমন্বয়ের বিষয়টি স্মরণ করিয়ে দিয়ে বলেন, কর্মকর্তা-কর্মচারীদের দায়িত্ব নিয়ে একে অপরের পরামর্শ ও সহযোগিতায় নগরবাসীর সেবা নিশ্চিত করতে হবে। আফরোজা কালাম তাঁর দায়িত্ব পালনকালে সকলের সহযোগিতা কামনা করেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত
এডিস মশার বংশ বিস্তার রোধে পরিচালিত অভিযানে
৭ ভবন মালিককে ২২ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী মেহেদীবাগ ও চট্টেশ্বরী রোডে এবং স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন উত্তর পাহাড়তলী জালালাবাদ হাউজিং ও পাহাড়তলী রেলওয়ে হাউজিং এলাকায় এডিস মশা বংশ বিস্তার রোধে বিভিন্ন বাড়ীর ছাদ বাগান ও নির্মাণাধীন ভবনে অভিযান চালান। এই সময় বেশ কয়েকটি বাড়ীর ছাদ বাগানের ফুলের টপে ও নির্মাণাধীন ভবনের নীচে এডিস মশার বংশ বিস্তারে জমাটবদ্ধ পানির উৎস পাওয়ায় সাত ভবন মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২২ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। ভ্রাম্যমাণ আদালতের উপস্থিতিতে জমাট পানি নিষ্কাশনের ব্যবস্থা করা হয় এবং ভবিষ্যতে পানি জমা থাকলে তা দ্রুত নিষ্কাশনের ব্যবস্থা নেওয়ার জন্য কঠোরভাবে ভবন মালিকদের নির্দেশনা প্রদান করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩